নডি ইয়র্ক শহর

# 2022 প্রাথমিক নির্বাচনের

## ভোটার নির্দেশিকা

AAPI POWER COALITION

Bengali

# আমাদের সম্পর্কে

AAPI POWER COALITION

**AAPI পাওয়ার কোয়ালিশন** হল একটি তৃণমূল জোট যেটি ভোটারদের শিক্ষা এবং প্রচারের মাধ্যমে এশিয়ান আমেরিকান এবং প্রশান্ত মহাসাগরীয় দ্বীপবাসী সম্প্রদায়ের ক্ষমতায়নের জন্য কাজ করছে। আমাদের জোটের মধ্যে 10টি সংস্থা অন্তর্ভুক্ত যারা নিউ ইয়র্ক শহর জুড়ে বিভিন্ন সম্প্রদায়কে সেবা দিয়ে থাকে।

Asian American Federation

1989 সালে প্রতিষ্ঠিত **এশিয়ান আমেরিকান ফেডারেশন** হল নিউ ইয়র্ক শহরের সবচেয়ে শক্তিশালী নেতৃত্বের কণ্ঠস্বর যা নিউ ইয়র্কের এশিয়ান সম্প্রদায়ের 1.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য বৃহত্তর ন্যায়বিচার এবং সুযোগের পক্ষে সমর্থন প্রদান করে।

## আমাদের সাথে যোগাযোগ করুন

120 Wall Street, 9th Fl,
New York, NY 10005

vote@aafederation.org

(212) 344-5878

# নির্বাচনের মূল তারিখসমূহ

### ভোটার নিবন্ধনের সময়সীমা

ব্যক্তিগতভাবে এবং ডাকযোগে

শুক্রবার 29শে জুলাই

### অনুপস্থিতি ব্যালটের জন্য অনুরোধ করার শেষ দিন

ডাকযোগে: সোমবার 8ই আগস্ট

ব্যক্তিগতভাবে: সোমবার 22শে আগস্ট

### আগাম ভোটের সময়কাল

13ই আগস্ট - 21শে আগস্ট

সময় পরিবর্তিত হতে পারে

### প্রাথমিক নির্বাচনের দিন

ব্যক্তিগতভাবে

মঙ্গলবার 23শে আগস্ট

সকাল 6 টা - রাত 9 টা

### অনুপস্থিতি ব্যালট ফেরত দেওয়ার শেষ দিন

ব্যক্তিগতভাবে এবং ডাকযোগে

মঙ্গলবার 23শে আগস্ট

আপনার ব্যালটে কোন কোন প্রার্থী আছে তা খুঁজে বের করুন:

এখানে স্ক্যান করুন!

# আমি কাকে ভোট দিতে পারি?


## ফেডারেল ও স্টেট অফিস

এই আগস্টে, আপনি মার্কিন প্রতিনিধি পরিষদে আপনার প্রতিনিধিত্ব করার জন্য আপনার পরবর্তী কংগ্রেসপারসনকে এবং নিউইয়র্ক স্টেট সিনেটে আপনার প্রতিনিধিত্ব করার জন্য আপনার পরবর্তী স্টেট সিনেটরকে ভোট দিতে পারেন। এই দুটি অফিসই এমন আইন তৈরি করে যা আপনার, আপনার পরিবারের এবং আপনার প্রতিবেশীর উপর প্রভাব ফেলে, তাই আপনার ভোটদান নিশ্চিত করুন!




### মার্কিন হাউস অফ রিপ্রেজেন্টেটিভস

মার্কিন কংগ্রেসের নিম্ন কক্ষ। তারা নতুন ফেডারেল আইন প্রণয়ন এবং পাস করতে মার্কিন সিনেট (উচ্চ কক্ষ) এবং রাষ্ট্রপতির সাথে একত্রে কাজ করেন। এখানে 435 জন সদস্য আছেন। 2023 সালে, নিউইয়র্ক থেকে 26 জন প্রতিনিধি থাকবেন। তারা 2 বছরের জন্য নির্বাচিত হবেন।



### স্টেট সিনেট

নিউ ইয়র্ক রাজ্য আইনসভার উচ্চ কক্ষ। আমাদের ফেডারেল সরকারের মতোই, তারা রাজ্য বিধানসভা (নিম্ন কক্ষ) এবং গভর্নরের সাথে নতুন রাজ্য আইন প্রণয়ন এবং পাস করার জন্য একত্রে কাজ করেন। রাজ্যের বিভিন্ন অংশের প্রতিনিধিত্বকারী 63 জন সদস্য রয়েছে। তারা 2 বছরের জন্য নির্বাচিত হবেন।



# প্রাথমিক নির্বাচন

প্রাথমিক নির্বাচনে আপনি সিদ্ধান্ত নেবেন যে নভেম্বরের সাধারণ নির্বাচনে আপনার দলের মনোনীত প্রার্থী কারা হবে।

নিউইয়র্কের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি রাজনৈতিক দলের সাথে নিবন্ধন করতে হবে। আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার সময় বা আপনার নিবন্ধন আপডেট করার মাধ্যমে আপনি এটি করতে পারেন।

আপনি এখানে আপনার দলের অন্তর্ভুক্তি চেক করতে পারেন:

এখানে স্ক্যান করুন

# ভোটের জন্য নিবন্ধন

23শে আগস্ট নির্বাচনের জন্য নিবন্ধনের শেষ তারিখ 29শে জুলাই। তাই আর দেরি করবেন না!

অনলাইনে নিবন্ধন করুন বা একটি কাগজের ফর্ম পূরণ করুন। পূরণ করা কাগজের ফর্মটি নির্বাচনী বোর্ডে ডাকযোগে বা কারো মাধ্যমে পাঠানো যেতে পারে।

নিবন্ধন করতে আপনার সাহায্যের প্রয়োজন হলে, আমাদের একজন স্বেচ্ছাসেবককে জিজ্ঞাসা করুন বা আমাদের ইমেইল করুন vote@aafederation.org ঠিকানায়

একটি নিবন্ধন ফর্ম ডাউনলোড এবং প্রিন্ট করুন:
(অবশ্যই ইংরেজিতে সম্পন্ন করতে হবে)

এখানে স্ক্যান করুন

**or**

অনলাইনে ভোট দিতে নিবন্ধন করুন:
(শুধুমাত্র ইংরেজি)

এখানে স্ক্যান করুন


# আমি কিভাবে ভোট দেব?




## ব্যক্তিগতভাবে আগাম ভোট দিন

নিউইয়র্কের প্রতিটি ভোটার নির্বাচনের দিনের আগে ব্যক্তিগতভাবে আগাম ভোট দিতে পারেন। আগাম ভোট দেওয়াটা সুবিধাজনক, দ্রুত এবং নমনীয়।

আপনি 13ই আগস্ট – 21শে আগস্টের মধ্যে আগাম ভোট দিতে পারেন, যদিও প্রতিদিনের জন্য সময় পরিবর্তিত হয়।



## নির্বাচনের দিন ভোট দিন

23শে আগস্ট, প্রাথমিক নির্বাচনের দিন ভোট দিয়ে আপনার মতামত জানান।

সকাল 6টা থেকে রাত 9টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে

আগাম ভোট প্রদান এবং নির্বাচনের দিনের জন্য আপনার ভোট কেন্দ্রের অবস্থান খুঁজে পেতে নিউইয়র্ক (NYC) বোর্ড অফ ইলেকশনস এর ওয়েবসাইটে যান:

এখানে স্ক্যান করুন

## ভোটে অনুপস্থিতি


ডাকযোগে ভোট দেওয়া আপনার ভোট দেওয়ার ক্ষেত্রে একটি নিরাপদ, সহজ এবং নিশ্চিত উপায়।

একটি ফেরত খাম এবং নির্দেশাবলী অন্তর্ভুক্ত করা হবে। তবে আপনার ব্যালট ডাকযোগে পাঠাতে আপনাকে অবশ্যই ডাক মাশুল যোগ করতে হবে। আমরা দুটি স্ট্যাম্পের সুপারিশ করি।

আপনাকে ডাকযোগে পাঠানোর জন্য একটি অনুপস্থিতি ব্যালটের জন্য অনুরোধ করুন:

এখানে স্ক্যান করুন

*অনুপস্থিতি ব্যালট আপনার কাউন্টি বোর্ড অফ ইলেকশনস বা আপনার পোলিং এর স্থানে নির্বাচনের দিন বা আগাম ভোটের দিনেও পৌঁছিয়ে দেওয়া যেতে পারে।



# ভোটারের প্রবেশযোগ্যতা

## ভাষার সহায়তা

কিছু ভোটকেন্দ্রে দোভাষীদের পাওয়া যাবে।



আপনার যদি কোনও ভোটকেন্দ্রে ভাষা সহায়তার প্রয়োজন হয় তবে আপনার নিজের দোভাষীকে আপনার সাথে নিয়ে আসার অধিকারও আপনার আছে।

কোন কোন ভোটকেন্দ্রে দোভাষী সেবা প্রদান করবে তা সন্ধান করুন:

এখানে স্ক্যান করুন

## প্রতিবন্ধীদের সহায়তা

ব্যালট মার্কিং এর ডিভাইসগুলো ভোটকেন্দ্রে পাওয়া যাবে এবং সেই সকল ভোটার যারা অন্ধ, দৃষ্টিপ্রতিবন্ধী, বা যাদের কোন অক্ষমতা বা এমন সমস্যা আছে যেক্ষেত্রে কলম দিয়ে ব্যালট চিহ্নিত করা কঠিন বা অসম্ভব তাদের জন্য সহায়ক হতে পারে।



ব্যালট মার্কিং এর ডিভাইসগুলো সম্পর্কে আরও জানুন:

এখানে স্ক্যান করুন

# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## আমাকে কি কোনো আইডি আনতে হবে?

প্রথমবারের ভোটাদের সাথে আইডি নিয়ে আসার জন্য সুপারিশ করা হয়।

## আমি যদি অবস্থান পরিবর্তন করে থাকি তাহলে কী হবে?

আপনি যখন অবস্থান পরিবর্তন করেন, তখন আপনাকে একটি নতুন ভোটার নিবন্ধন ফর্ম জমা দিয়ে বোর্ড অফ ইলেকশনস এ আপনার ঠিকানা পরিবর্তন করতে হবে।

## কারা ভোট দেওয়ার যোগ্য?

আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার যোগ্য যদি আপনি:

1. একজন আমেরিকান নাগরিক হন
2. কমপক্ষে 30 দিনের জন্য নিউ ইয়র্ক শহরের বাসিন্দা হন
3. এবং কমপক্ষে 16 বছর বয়সী হন

আপনি 16 বা 17 বছর বয়সে ভোট দেওয়ার জন্য প্রাক-নিবন্ধন করতে পারেন, তবে ভোট দেওয়ার জন্য আপনাকে অবশ্যই 18 বছর বয়সী হতে হবে।

## আমার ভোটদান কেন্দ্রে কোনো সমস্যা হলে আমি কাকে কল করব? (শুধুমাত্র ইংরেজিতে)

আপনি আপনার ভোটদান কেন্দ্রের যেকোনো সমস্যা সম্পর্কে জানাতে নিউ ইয়র্ক বোর্ড অফ ইলেকশনে কল করতে পারেন।
1-866-Vote-NYC (1-866-868-3692) নম্বরে কল করুন।

## আমার, বা অন্য কারো অধিকার লঙ্ঘিত হলে আমি কার সাথে যোগাযোগ করতে পারি? (শুধুমাত্র ইংরেজিতে)

আপনি একজন প্রশিক্ষিত ইলেকশন প্রোটেকশন সম্পর্কিত স্বেচ্ছাসেবকের সাথে কথা বলতে পারেন এবং বিনামূল্যে আইনি সহায়তা পেতে ইলেকশন প্রোটেকশন হটলাইনে যোগাযোগ করতে পারেন।
1-866-OUR-VOTE (1-866-687-8683) নম্বরে কল করুন।

## বোর্ড অফ ইলেকশনস এর অবস্থান

**Bronx**
1780 Grand Concourse, 5 Fl,
Bronx, NY 10457

**Brooklyn**
345 Adams Street, 4 Fl,
Brooklyn, NY 11201

**Queens**
118-35 Queens Boulevard,
Forest Hills, NY 11375

**Manhattan**
200 Varick Street, 10 Fl,
New York, NY 10014

**Staten Island**
1 Edgewater Plaza, 4 Fl,
Staten Island, NY 10305

# আমি কোথায় ভোট দিব?

8/23 মঙ্গলবার হলো নির্বাচনের দিন

# আমি কোন সময়ে ভোট দিব?

ভোট গ্রহণ চলবে
সকাল 6 টা থেকে রাত 9 টা পর্যন্ত

কোনো প্রশ্ন আছে?

ভোটার নিবন্ধন, ভোট দেওয়ার পদ্ধতি, রাজনৈতিক দল এবং আরও অনেক কিছু সম্পর্কে আরও তথ্যের জন্য অথবা আপনার স্থানীয় কাউন্টি বোর্ড অফ ইলেকশনস অফিস খুঁজে পেতে aafederation.org/2022-primary-voter-guide ঠিকানায় যান অথবা নিচের QR কোডটি স্ক্যান করুন।

এখানে স্ক্যান করুন

অথবা vote@aafederation.org ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করুন

AAPI POWER COALITION

Asian American Federation